

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-টিএসসি/সেন্ট্রালস্টোর/২০০৭/১৭৬২/৪৭২


তারিখ : ২২/০৩/২০১৭ খ্রি:

বিষয় : সরকারী কাজে বাঁধা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নারায়নগঞ্জ সেন্ট্রালস্টোর কাম সার্ভিস ওয়ার্কসপ অধিদপ্তরাধীন একটি প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের সীমানা প্রাচীর নির্মাণের নিমিত্ত শিক্ষা প্রকৌশল অধিদপ্তর হতে পদক্ষেপ গ্রহণ করলে কিছু স্থানীয় লোকজন উক্ত কাজে বাঁধা প্রদান করেন বলে টেলিফোনিক অভিযোগ পাওয়া যায়। অভিযোগে প্রতিষ্ঠানের নির্দিষ্ট সীমানা ব্যতিরেকে কিছু অংশ ছাড় দিয়ে সীমানা প্রাচীর নির্মাণ কাজ স্থানীয় পর্যায়ে কতিপয় ব্যক্তি/মহল চাপ প্রদান করছেন মর্মে জানা যায়। এ বিষয়ে নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষকে নিম্নস্বাক্ষরকারী ঘটনাস্থল পরিদর্শন করে প্রাথমিকভাবে সত্যতা যাচাই করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করে সত্যতা পাওয়া গিয়েছে মর্মে অদ্য মৌখিকভাবে অবহিত করেন।

২। বর্ণিত বিষয়ে সরকারী কাজে বাঁধা প্রদানকারীদের বিরুদ্ধে স্থানীয় প্রশাসনের সহায়তায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম-সচিব
পরিচালক(ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ইকুইপমেন্ট অফিসার
সেন্ট্রালস্টোর কাম সার্ভিস ওয়ার্কসপ
পাঠানটুলী, নারায়নগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রশাসক, নারায়নগঞ্জ
- ০২। পুলিশ সুপার, নারায়নগঞ্জ।
- ০৩। অধ্যক্ষ, নারায়নগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, পাঠানটুলী, নারায়নগঞ্জ।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নারায়নগঞ্জ।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।